# Times Today BD

মো. নাঈম | বরিশাল | 20 May, 2025

ইসলামী আন্দোলন বাংলাদেশের ঝালকাঠির রাজাপুর উপজেলা শাখার উদ্যোগে দায়িত্বশীল তারবিয়াত অনুষ্ঠিত হয়েছে।

সোমবার (১৯ মে) বিকেল ৫টায় উপজেলার রয়েল ক্যাফে মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। ইসলামী আন্দোলনের রাজাপুর উপজেলার সভাপতি মাওলানা মোঃ জাহিদুল ইসলাম এর সভাপতিত্বে এবং ইসলামী আন্দোলনের রাজাপুর উপজেলা শাখার সেক্রেটারি মাওলানা মোঃ বায়েজিদ হক ফরাজীর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইসলামী আন্দোলন বাংলাদেশের প্রেসিডিয়াম সদস্য ও কারীমপুরের পীর সাহেব আল্লামা নুরুল হুদা ফয়েজী।বিশেষ বক্তা ছিলেন ইসলামী আন্দোলনের ঝালকাঠি জেলার সেক্রেটারি হাফেজ মাওলানা ইব্রাহীম আল-হাদী।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন- ইসলামী আন্দোলনের ঝালকাঠি জেলা শাখার সভাপতি হাফেজ মুহাম্মদ আলমগীর হোসেন,

ইসলামী আন্দোলন ঝালকাঠির উপদেষ্টা আলহাজ্ব মাওলানা মুফতী আছাদুজ্জামান, ইসলামী আন্দোলনের ঝালকাঠি জেলার সহ-সভাপতি মাওলানা ইঞ্জিনিয়ার আহসানুল্লাহ খান, ঝালকাঠি জেলা মুজাহিদ কমিটি ছদর মাওলানা মোঃ মোখতার আহমেদ হুদর, ইসলামী যুব আন্দোলনের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক মাওলানা মুহাম্মদ আল আমিন, ইসলামী আন্দোলনের ঝালকাঠি জেলার সহ-সভাপতি মাওলানা মোঃ হেদায়েতুল্লাহ ফয়েজী, ইসলামী যুব আন্দোলনের ঝালকাঠি জেলার সেক্রেটারি হাফেজ মাওলানা নাঈমুল ইসলাম, ইসলামী শ্রমিক আন্দোলনের ঝালকাঠি জেলার সভাপতি মোঃ আব্দুল কুদ্দুস, ইসলামী ছাত্র আন্দোলনের ঝালকাঠি জেলার সহ-সভাপতি মোঃ আমিনুল ইসলাম।

প্রধান অতিথি আল্লামা নুরুল হুদা ফয়েজী বলেন,

আল্লাহ তায়ালা আমাদেরকে তাঁর দ্বীন কায়েম করার দায়িত্ব দিয়ে দুনিয়ায় পাঠিয়েছেন।তিনি আমাদের ব্যর্থ নয়, বরং সফল মুমিন হিসেবে দেখতে চান।সে লক্ষ্যে আমাদের জান, মাল ও সময় কুরবান করে ইসলামী শাসন ব্যবস্থার প্রতিষ্ঠায় সচেষ্ট হতে হবে।কারণ, মানবজাতির প্রকৃত মুক্তি ইসলামেই নিহিত, অন্য কোনো মতবাদে নয়।

ইসলামী আন্দোলন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 07:20

URL: https://www.timestodaybd.com/barishal/2762115729